# 26725 - যে ব্যক্তি ভুল করে কংকর নিক্ষেপের সময় হওয়ার আগেই কংকর মেরে ফেলেছেন

প্রশ্ন

যে ব্যক্তি ঈদের দ্বিতীয় দিন সকাল বেলা জমরাতগুলোতে কংকর মেরে ফেলেছে তার ওপর কী অপরিহার্য? এরপর সে জেনেছে যে, কংকর নিক্ষেপ করার সময় হচ্ছে জোহরের পর?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি ঈদুল আযহার দ্বিতীয় দিন সূর্য হেলে পড়ার পূর্বে কংকর নিক্ষেপ করেছে তার উপর ওয়াজিব হল— সেই দিন সূর্য হেলে পড়ার পর পুনরায় কংকর নিক্ষেপ করা। যদি সে ব্যক্তি তার ভুলের ব্যাপারে তৃতীয় দিন কিংবা চতুর্থ দিনের আগে না জানে তাহলে তৃতীয় দিনে কিংবা চতুর্থ দিনে সূর্য হেলে পড়ার পর কংকর নিক্ষেপ করবে; যেই দিনে জানতে পেরেছে সেই দিনের কংকর নিক্ষেপ করার পূর্বে। আর যদি চতুর্থ দিনের সূর্য ডোবার আগে জানতে না পারে তাহলে আর কংকর মারবে না; কিন্তু তার উপর হারাম এলাকার মধ্যে একটি পশু জবাই করা ওয়াজিব হবে; যে পশুর গোশত গরীবদের মাঝে বণ্টন করে দিতে হবে।

আল্লাহ্‌ই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাথীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।